

💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ হুদায়বিয়াহর উমরাহ ৯ ٦ عمرة الحديبية (فِيْ ذِيْ الْقَعْدَةِ سَنَةَ ٦ هـ) রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

কুরাইশ ভাত্ব্নের ইসলাম গ্রহণ (إِسْلاَمُ أَبْطَال مِّنْ قُرَيْش):

হুদায়বিয়াহর সির্দ্ধিচুক্তির পর সপ্তম হিজরী সালের প্রথম ভাগে 'আমর বিন আস, খালিদ বিন ওয়ালিদ এবং উসমান বিন ত্বালহাহ (রাঃ) ইসলাম ধর্ম গ্রহণ করেন। এরা যখন মসজিদে নাবাবীতে উপস্থিত হলেন তখন নাবী কারীম (ﷺ) বললেন, (☐☐(الَّهُ كَبِدِهَا) বললেন, (☐☐(الَهُ كَبِدِهَا) نَمْكُةُ قَدْ أَلْقَتْ إِلَيْنَا أَفْلاَذَ كَبِدِهَا (প্রিয়জনদেরকে) আমাদের নিক্ট সমর্পণ করে দিয়েছে।[1]

ফুটনোট

[1] এ সাহাবাগণ কোন বছর ইসলাম গ্রহণ করেছিলেন সে ব্যাপারে যথেষ্ট মতানৈক্যের সৃষ্টি হয়েছে। ব্যক্তি বৃত্তান্ত সংক্রান্ত পুস্তকসমূহে একে অষ্টম হিজরীর ঘটনা বলা হয়েছে। কিন্তু নাজ্জাশীর নিকট আমর বিন আসের ইসলাম গ্রহণের ঘটনাটি প্রসিদ্ধ ছিল যা সপ্তম হিজরীতে ঘটেছিল। অধিকন্তু, এটাও বিদিত বিষয় যে, খালিদ বিন ওয়ালিদ এবং উসমান বিন ত্বালহাহ ঐ সময় মুসলিম হয়েছিলেন। কারণ তিনি হাবশ হতে ফিরে এসে মদীনায় আসার ইচ্ছা করেন তখন পথিমধ্যে ঐ দু' জনের সাথে সাক্ষাত হয় এবং তিন জনেই এক সঙ্গে খিদমতে নাবাবীতে উপস্থিত হয়ে ইসলাম গ্রহণ করেন। এর অর্থ দাঁড়ায়, এরা সকলেই সপ্তম হিজরীর প্রথম দিকে মুসলিম হয়েছিলেন। আল্লাহ ভাল জানেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6322

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন